

মুসলিম-বাঙ্গালোর পথে শঙ্ক ও কিশোর সাহিত্য



সম্পাদনা

মহং গিয়াসউদ্দিন

লোকমান হাকিম

অন্ধেষণে-বিশ্লেষণে বাংলা শিশু ও কিশোর সাহিত্য

সম্পাদনা

মহঃ গিয়াসউদ্দিন

লোকমান হাকিম



সোম পাবলিশিং

অন্বেষণে-বিশ্লেষণে : বাংলা শিশু ও কিশোর সাহিত্য

সম্পাদনা

মহঃ গিয়াসউদ্দিন ।। লোকগান হাকিম

প্রথম প্রকাশ : ফেব্রুয়ারি, ২০২১

গ্রন্থস্বত্ত্ব সম্পাদকদ্বয়ের

প্রকাশক এবং স্বত্ত্বাধিকারীর লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনও অংশেরই
কোনওরূপ পুনরঃপাদন বা প্রতিলিপি করা যাবে না, কোনও যান্ত্রিক উপায়ের
(গ্রাফিক, ইলেকট্রনিক বা অন্য কোনও মাধ্যম, যেমন ফোটোকপি, টেপ বা পুনরঃদ্বারের
সুযোগ সংবলিত তথ্য-সঞ্চয় করে রাখার কোনও পদ্ধতি) মাধ্যমে প্রতিলিপি করা
যাবে না বা কোনও ডিস্ক, টেপ, পারফোরেটেড মিডিয়া বা কোনও তথ্য সংরক্ষণের
যান্ত্রিক পদ্ধতিতে পুনরঃপাদন করা যাবে না। এই শর্ত লজ্জিত হলে উপযুক্ত আইনি
ব্যবস্থা গ্রহণ করা হবে।

ISBN : 978-81-951222-3-3

সোম পাবলিশিং-এর পক্ষে ২১, কানাই ধর লেন, কলকাতা ৭০০ ০১২

থেকে সর্বাণী কুশারী কর্তৃক প্রকাশিত এবং

মা শীতলা প্রিন্টিং ওয়ার্কস, ১৪ শশীভূষণ দে স্ট্রীট, কলকাতা

থেকে মুদ্রিত।

অন্বেষণবিন্যাস : রূপম চক্ৰবৰ্তী

প্রচন্দ : অমিত মণ্ডল

'Anweshan-Bishleshane : Bangla Sishu O Kishor Sahitya '

edited by

Md. Giasuddin & Lokman Hakim

Published by SOM PUBLISHING

21, Kanai Dhar Lane, Kolkata 700 012

Ph - 8697267510, 9874094834

Email : sompublishing16@gmail.com

মূল্য : ৩৫০ টাকা

বিষয়সূচি

বাংলা শিশুসাহিত্যের অর্তভূবন এবং বিদ্যাসাগরের নির্মাণ ১৫

পিনাকী মাইতি

রবীন্দ্র কাব্যে শিশু মনস্তত্ত্ব ২২

বাপী কুশারী

রবীন্দ্রনাথ ঠাকুরের ছোটগল্পের আঙিনায় শিশু মনস্তত্ত্ব ৩০

আকবর হোসেন

সাহিত্যে উদ্ভৃত ভাবনায় উপেন্দ্রকিশোর ও সুকুমার রায় ৩৮

অন্তরা গোস্বামী

উপেন্দ্রকিশোর রায়চৌধুরী ও উপকথার নানা কথা এবং ‘টুন্টুনির গল্প’ ৪৮

কুমার বিষ্ণু দে

বাংলা শিশুসাহিত্যে আঙিকের নবনির্মাণে অবনীন্দ্রনাথ ঠাকুর ৭১

আবদুল্লা রহমান

স্মৃতিমেদুর শৈশব : দর্পণে অবনীন্দ্রনাথের ‘আপনকথা’ ৮৪

সুনীল্পা চক্রবর্তী

শিশুমনস্তত্ত্বের নিরিখে হ্যবরল : একটি বিশ্লেষণাত্মক পাঠ ৮৯

সুস্মিতা নাথ

শিশু-কিশোর সাহিত্যে নির্বাচিত ভৌতিক গল্প:প্রসঙ্গে হেমেন্দ্রকুমার রায় ৯৮

সন্দীপ দাস

বাংলা শিশু ও কিশোর সাহিত্যে পুন্যলতা চক্রবর্তীর প্রাসঙ্গিকতা : একটি
আলোচনা ১০৪

বিজয় দাস

খগেন্দ্রনাথ মিত্রের ভোক্সল সর্দার:কিশোর মনের দর্পণ ১১৪

মহঃ রেজ্জাক আনসারি

নজরঞ্জ ইসলামের শিশু সাহিত্য : একটি সমীক্ষা ১২০

পরান বাড়ি

শিশু ও কিশোর সাহিত্য : প্রসঙ্গ শিবরাম চক্রবর্তীর শিশুনাট্য ১২৮

কৃষ্ণ পাত্র

শিশু সাহিত্যিক লীলা মজুমদারের নির্বাচিত নাটকে

হাস্যরস:অন্ধেষণে-বিশ্লেষণে ১৩৩

লোকমান হাকিম

সত্যজিৎ রায়ের ‘সোনারকেল্লা’ : শিশুসাহিত্যের বহুমুখী পাঠ ১৪০

সুনেত্রা ব্যানার্জী

শিশুসাহিত্যের আলোকে নির্বাচিত নন্টে ফন্টে কমিকস : একটি সমীক্ষা ১৫৩

সুশান্ত কিশু

শঙ্খ ঘোষের ছড়া কবিতা : ছোটোদের অন্য ভূবন ১৫৯

সঞ্চিতা বসু

শঙ্খ ঘোষের অন্ধবয়স কল্পবয়স : নানা বর্ণের কৈশোর-কাল ১৬৬

মহং গিয়াসউদ্দিন

নবনীতায় শিশুমন ১৭৭

দিলদার কিবরিয়া

শিশুসাহিত্যিক বরণকুমার চক্রবর্তী : প্রসঙ্গ বেঁটে বাচ্চুর গপপো ও অন্যান্য ১৮৬

অনির্বাণ মান্না

বিশ শতকের দাদা চরিত্র : কিশোর পাঠকের চোখে ২০০

মৌমিতা সরকার

শিশু ও কৈশোরকালের গল্পের প্রভাব ও প্রাচ্য-পাশ্চাত্যের সাহিত্য ২০৭

কোয়েল সাহা

বাংলা শিশুসাহিত্যের ইতিহাসে সাময়িকপত্র : একটি সমীক্ষা ২১১

মিলন সরকার

প্রাবন্ধিক পরিচিতি ২১৭

সত্যজিৎ রায়ের ‘সোনারকেল্লা’ : **শিশু** সাহিত্যের বহুমুখী পাঠ সুনেত্রা ব্যানার্জী

বাংলা গোয়েন্দা কাহিনির উষাকালে একদিকে যেমন বানিয়ে তোলা অবাস্তব প্লট অন্যদিকে ছিল অসীম শক্তিশালী পুলিশের গোয়েন্দার ভেলকি। অপরাধের কাহিনির নাবালক পর্বে কখনো কখনো প্রতীচ্যের অঙ্ক অনুকরণও দেখা গেছে। সলতে-পাকানো পর্বের অস্তিমে এসে শরদিন্দুর হাত ধরেই বাংলা গোয়েন্দা কাহিনি সাবালক হয়ে উঠল। বরং বলতে হয় শরদিন্দু বাংলা গোয়েন্দা কাহিনিকে প্রথম যথার্থ সাহিত্যের মর্যাদায় উন্নীত করেছিলেন। জন্ম লগ্ন থেকে জনপ্রিয় হলেও শরদিন্দুর পূর্বে প্রথিতযশা সাহিত্যিকদের কাছে অপরাধের কাহিনি ছিল অপাংক্রেয়। শরদিন্দুর পরে এই জনপ্রিয় ‘genre’-কে নিয়ে প্রায় সকলেই আগ্রহী হয়েছেন। বুদ্ধিদেব বসু, প্রেমেন্দ্র মিত্র, বিমল কর, সমরেশ বসু, শিবরাম চক্ৰবৰ্তী, আশাপূর্ণদেবী থেকে সাম্প্রতিক কালের সমরেশ মজুমদার, সুচিত্রা ভট্টাচার্য, শীর্ঘেন্দু মুখোপাধ্যায়, প্রায় সকলেই আছেন এই তালিকায়। প্রসঙ্গে উল্লেখ্য শরদিন্দুর ব্যোমকেশ পরবর্তী বাংলা অপরাধের কাহিনির মধ্যে দুটি সমান্তরাল ধারা স্পষ্ট। প্রথম ধারার টাগেটি রিডার যেহেতু শিশু-কিশোররা, তাই সেখানে অ্যাডভেঞ্চারের মাত্রা বেশি। এইসব কাহিনিতে কখনও থাকে মজাদার ঘটনার সমাবেশ। যেমন প্রেমেন্দ্র মিত্রের পরাশর বর্মা, শিবরাম চক্ৰবৰ্তীর কক্ষে কাশি বা শীর্ঘেন্দুর ছোটদের জন্য লেখা বরদাচরণের কাহিনির কথা এ প্রসঙ্গে উল্লেখ করা যায়। আবার বিমল করের গোয়েন্দা কিকিৱার কাহিনিতে আছে ম্যাজিকের কথা, সমরেশ বসুর গোগোল আবার বিস্ময় বালক এবং সেখানেও অ্যাডভেঞ্চার-এর মাত্রা বেশি। এর পাশাপাশি বড়োদের জন্য লেখা গোয়েন্দা কাহিনিতে একাধিক চরিত্রের ভিড়ে সমাজের ভিন্ন স্তরের ছবি প্রতিফলিত হয়েছে। নারায়ণ সান্যালের ব্যারিস্টার বসু, শীর্ঘেন্দুর শবর দাশগুপ্ত প্রমুখ এই ধরনের মধ্যে পড়ে। কিন্তু সত্যজিৎ রায়ের গোয়েন্দা প্রদোষ বা ফেলু মিত্রের কাহিনি শিশু-কিশোর বা প্রাপ্তবয়স্ক উভয়ের কাছেই সমান উপভোগ্য। ব্যোমকেশ পরবর্তী